

তারিখ: 10/09/2015

আরবিআই, শ্রী ছত্রপতি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, পিম্পল নিলাখ, জেলা-পুনে, মহারাষ্ট্র-
কে জারি করা নিয়ন্ত্রণের আরও সম্প্রসারণ করল

দ্রষ্টব্য সেপ্টেম্বর 10, 2014 তারিখাঙ্কিত নির্দেশ ইউবিডি.সিও.বিএসডি-1 নং./ডি-09/12.22.460/2014-15 অনুসারে শ্রী ছত্রপতি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, পিম্পল নিলাখ, জেলা-পুনে, মহারাষ্ট্র-কে সেপ্টেম্বর 12, 2014 তারিখ কাজের শেষ থেকে ছয় মাসের জন্য নিয়ন্ত্রণের অধীনে আনা হয়েছিল। দ্রষ্টব্য মার্চ 04, 2015 তারিখাঙ্কিত নির্দেশ অনুসারে উক্ত নিয়ন্ত্রণের বৈধতা মার্চ 11, 2015 তারিখ কাজের শেষ থেকে আরও ছয় মাসের জন্য সম্প্রসারণ করা হয়। জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে সেপ্টেম্বর 10, 2014 তারিখাঙ্কিত নির্দেশ-এর (সঙ্গে পঠিত মার্চ 04, 2015 তারিখাঙ্কিত নির্দেশ) কার্যকালের সময়সীমা দ্রষ্টব্য সেপ্টেম্বর 01, 2015 তারিখাঙ্কিত আমাদের পরিবর্তিত নির্দেশ অনুসারে সেপ্টেম্বর 10, 2015 তারিখ কাজের শেষ থেকে, পর্যালোচনার সাপেক্ষে আরও তিন মাসের জন্য সম্প্রসারণ করা হল। অন্য বিধি ও শর্তাদি অপরিবর্তিত রইল। উক্ত পরিবর্তনের উল্লেখসহ সেপ্টেম্বর 01, 2015 তারিখাঙ্কিত নির্দেশের প্রতিলিপি জনসাধারণের দর্শনার্থে ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত হয়।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উক্ত পরিবর্তনের মানে এই নয় যে ব্যাঙ্কের আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্বন্ধে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক নিশ্চিত।

অজিত প্রসাদ
সহকারী মহা প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2015-2016/641